

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৭৯৮(আগরতলা, ২২।০৭)
কুমারঘাট, ২২ জুলাই, ২০১৯

পেঁচারথলের শিলছড়া ঝর্ণা পরিদর্শনে মুখ্যমন্ত্রী

আজ দুপুরে কুমারঘাটে আনারস রপ্তানির ‘ফ্যাগ অফ’ অনুষ্ঠান শেষে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব পেঁচারথল ব্লকের আন্ধারছড়া ভিলেজের শিলছড়ায় ঝর্ণা ও সংলগ্ন এলাকা পরিদর্শন করেন। সেখানে তাঁর সঙ্গে ছিলেন কৃষিমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী সান্ত্বনা চাকমা, বিধায়ক ভগবান দাস ও সুধাংশু দাস, মুখ্য সচিব ড. ইউ ভেঙ্কটেশ্বরলু, কৃষি দপ্তরের সচিব এম এল দে প্রমুখ। মুখ্যমন্ত্রী শ্রীদেব শিলছড়ায় ঝর্ণাস্থল পরিদর্শন শেষে বলেন, পেঁচারথল এলাকায় উল্লেখযোগ্যভাবে চাকমা সম্প্রদায়ের মানুষের বাস এবং তাঁদের প্রায় সকলেই বৌদ্ধ ধর্মাবলম্বী। তাই ঝর্ণাটির নামাকরণ করার চিন্তাভাবনা করা হচ্ছে বুদ্ধ ফলস্ (ঝর্ণা) হিসেবে। ঝর্ণাটিকে একটি ট্যুরিষ্ট স্পট (পর্যটনকেন্দ্র) হিসেবে গড়ে তোলারও উদ্যোগ নেওয়া হবে। তাই এলাকার রাস্তাঘাট সহ পরিকাঠামো উন্নয়নেও নজর দেওয়া হবে। এলাকাসবির তরফে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবকে সংবর্ধনা জ্ঞাপন ও মানপত্র প্রদান করা হয়।
